

কালের কণ্ঠ

আপডেট : ২ অক্টোবর, ২০২২ ০১:৫৫
কুবি ছাত্রলীগের কমিটি বিলুপ্তির খবর

ক্যাম্পাসে অস্ত্রের মহড়া ককটেল বিস্ফোরণ



অস্ত্রের মহড়া : কুমিল্লা বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের কমিটি বিলুপ্তির ঘটনায় গতকাল মোটরসাইকেল নিয়ে শোডাউন ও বাজি ফুটিয়ে আতঙ্ক সৃষ্টি করে শাখা ছাত্রলীগের একটি পক্ষ। এ সময় অনেকের হাতে রামদা, লাঠি ও রড দেখা যায়। ছবি : কালের কণ্ঠ

কুমিল্লা বিশ্ববিদ্যালয় (কুবি) শাখা ছাত্রলীগের মেয়াদোত্তীর্ণ কমিটির ‘বিলুপ্তি’ ঘোষণার খবরের পর ক্যাম্পাসে দুই পক্ষের নেতাকর্মীদের মধ্যে দেশি অস্ত্রের মহড়া, মোটরসাইকেল শোডাউন ও ককটেল বিস্ফোরণের ঘটনা ঘটেছে। গতকাল শনিবার দুপুরে এ ঘটনা ঘটে। পরে বিশ্ববিদ্যালয়ের প্রক্টরিয়াল টিম ও পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

প্রত্যক্ষদর্শী সূত্রে জানা যায়, শুক্রবার দিবাগত রাতে কমিটি বিলুপ্তির খবরকে কেন্দ্র করে গতকাল দুপুর ২টার পর আগের কমিটির সাধারণ সম্পাদক রেজা এলাহীর নেতৃত্বে তাঁর অনুসারীরা প্রায় অর্ধশত মোটরসাইকেল নিয়ে কুবি ক্যাম্পাসে ঢোকে। পরে তারা বঙ্গবন্ধু হলের সামনেসহ বিভিন্ন স্থানে কয়েকটি ককটেল ফাটায় এবং প্রায় অর্ধশত মোটরসাইকেল নিয়ে শোডাউন করে। তারা চলে যাওয়ার পর ‘বর্তমান/সদ্য সাবেক’ কমিটির সভাপতি ইলিয়াস

মিয়ার অনুসারীরা হল থেকে রামদা, লাঠি ও রড হাতে বের হয়ে এসে ক্যাম্পাসে মহড়া দেয়। পরে তারা হলে ফিরে যায়। এর পরই বিশ্ববিদ্যালয়ের প্রক্টরিয়াল বডি মূল ফটকে পুলিশ মোতায়েন করে।

গত রাতে এ বিষয়ে জানতে চাইলে কুবির প্রক্টর কাজী ওমর সিদ্দিকী বলেন, তিন সদস্যের প্রাথমিক তদন্ত কমিটি গঠন করা হয়েছে। কমিটিকে তিন কার্যদিবসের মধ্যে তদন্ত প্রতিবেদন দিতে বলা হয়েছে।

কুবি শাখা ছাত্রলীগের মেয়াদোত্তীর্ণ কমিটির বিলুপ্তি ঘোষণা করে বাংলাদেশ ছাত্রলীগের ফেসবুক পেজ থেকে শুক্রবার দিবাগত রাত ১১টা ৪৯ মিনিটে ছাত্রলীগের কেন্দ্রীয় সভাপতি আল নাহিয়ান খান জয় ও সাধারণ সম্পাদক লেখক ভট্টাচার্য স্বাক্ষরিত একটি প্রেস বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। এর আধাঘণ্টার মধ্যে বাংলাদেশ ছাত্রলীগের ফেসবুক ওয়াল থেকে তা সরিয়ে নেওয়া হয়। কমিটি বিলুপ্তির সত্যতা নিশ্চিত করে বাংলাদেশ ছাত্রলীগের নির্বাহী সংসদের একাধিক নেতার সঙ্গে মোবাইল ফোনে যোগাযোগ করা হলে তাঁদের মধ্যে তথ্যগত পার্থক্য দেখা দেয়।

কুবি শাখা ছাত্রলীগের কমিটির বিলুপ্তিসংক্রান্ত কোনো সিদ্ধান্ত হয়নি বলে কালের কণ্ঠকে জানিয়েছেন কেন্দ্রীয় ছাত্রলীগের সাধারণ সম্পাদক লেখক ভট্টাচার্য ও দপ্তর সম্পাদক ইন্দ্রনীল দেব শর্মা রনি। অন্যদিকে কমিটি বিলুপ্তির বিষয়টি সত্য দাবি করেন কেন্দ্রীয় ছাত্রলীগের কর্মসূচি ও পরিকল্পনা সম্পাদক সাদ্দাম হোসেন।

আবার বাংলাদেশ ছাত্রলীগের ফেসবুক পেজ থেকে পোস্টটি সরিয়ে ফেললেও ছাত্রলীগের কেন্দ্রীয় সভাপতি আল নাহিয়ান খান জয় ও সাদ্দাম হোসেনের ফেসবুক ওয়ালে বিজ্ঞপ্তিটি গতকালও দেখা গেছে।

সাধারণ সম্পাদক লেখক ভট্টাচার্য এক খুদে বার্তায় জানান, কমিটি বিলুপ্ত করা হয়নি। সম্মেলন আয়োজন করা হবে। তারিখ নির্ধারিত হলে জানানো হবে।

দপ্তর সম্পাদক ইন্দ্রনীল দেব শর্মা রনি জানান, কুবির কমিটির ব্যাপারে এখনো কোনো সিদ্ধান্ত হয়নি। প্রেস বিজ্ঞপ্তিটি ভুল হয়েছে। কুবিতে সম্মেলনে কমিটি হবে। সাদ্দাম হোসেনের কাছে জানতে চাইলে তিনি তাঁর ফেসবুক স্ট্যাটাস দেখতে বলেন। পরে আবার যোগাযোগ করলে তিনি বলেন, ‘প্রেস রিলিজ হয়েছে কমিটি বিলুপ্তির। এখন পর্যন্ত আমরা এটাই জানি। পরে কোনো আপডেট পাইনি যে সিদ্ধান্ত পরিবর্তন হয়েছে কি না।’ এ বিষয়ে জানতে আল-নাহিয়ান খান জয়কে মুঠো ফোনে চেষ্টা করেও পাওয়া যায়নি।

কেন্দ্রীয় ছাত্রলীগের উপসংস্কৃতিবিষয়ক সম্পাদক ফাহিম হাসান লিমন বলেন, সম্মেলনের তারিখসহ আরেকটি প্রেস রিলিজ আসবে। সে জন্য আগেরটি সরিয়ে নেওয়া হয়েছে।

কুয়েট শাখা ছাত্রলীগের কমিটি বিলুপ্ত

নিজস্ব প্রতিবেদক, খুলনা জানান, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) শাখা ছাত্রলীগের কমিটি বিলুপ্ত ঘোষণা করা হয়েছে। পাশাপাশি নতুন কমিটি গঠনের লক্ষ্যে কমিটিতে সভাপতি ও সাধারণ সম্পাদক পদে আগ্রহীদের ১০ কার্যদিবসের মধ্যে জীবনবৃত্তান্ত দায়িত্বপ্রাপ্ত নেতাদের কাছে জমা দেওয়ার কথা বলা হয়েছে। বাংলাদেশ ছাত্রলীগ কেন্দ্রীয়

নির্বাহী সংসদের সভাপতি আল নাহিয়ান খান জয় ও সাধারণ সম্পাদক লেখক ভট্টাচার্য স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে গত শুক্রবার এ তথ্য জানানো হয়।

কুয়েটে ছাত্রলীগের দায়িত্বপ্রাপ্ত নেতারা হলেন কেন্দ্রীয় কমিটির আইন সম্পাদক ফুয়াদ হোসেন শাহাদাত, উপসমাজসেবা সম্পাদক আহমেদ নাসিম ইকবাল এবং উপকর্মসূচি ও পরিকল্পনা সম্পাদক আল-মামুন।

Print

সম্পাদক : শাহেদ মুহাম্মদ আলী,

ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্রধান কার্যালয় : প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড়ডা, ঢাকা-১২২৯ ও সুপ্রভাত মিডিয়া লিমিটেড ৪ সিডিএ বাণিজ্যিক এলাকা, মোমিন রোড, চট্টগ্রাম-৪০০০ ও কালিবালা দ্বিতীয় বাইপাস রোড, বগুড়া থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯।

পিএবিএক্স : ০৯৬১২১২০০০০, ৮৪৩২৩৭২-৭৫, বার্তা বিভাগ ফ্যাক্স : ৮৪৩২৩৬৮-৬৯, বিজ্ঞাপন ফোন : ৮৪৩২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮৪৩২০৪৭, সার্কুলেশন : ৮৪৩২৩৭৬। E-mail : info@kalerkantho.com